

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৫২.১৩-৪১

তারিখঃ ২৮-০১-২০১৬ খ্রিঃ।

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
গাইবান্ধা।

বিষয়ঃ পারিবারিক আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরী।

জনাব,

আমি আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, গাইবান্ধা জেলার প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জনাব মোঃ সেরাজুল হক শিকদার বিগত ২৮-০৪-২০০৬ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। তার পারিবারিক আনুতোষিক ও মাসিক অবসরভাতা নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.২) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। মরহম মোঃ সেরাজুল হক শিকদার-এর চাকরিকাল ২৭ বছর ৮ মাস ১০ দিন। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা কর্তৃক প্রদত্ত ইএলপিসি অনুযায়ী মৃত্যুর অব্যবহিত পূর্বে তার মূলবেতন ৬,৯৬০/- টাকা নির্ধারণ করা হয়েছে। উক্ত টাকার ৮০% হিসেবে অবসর ভাতা ৫,৫৬৮/- টাকার ১ম অর্ধাংশ ২,৭৮৪/- টাকার প্রতি টাকার বিনিময়ে ২০০/- (দুইশত) টাকা হারে (২,৭৮৪ × ২০০) = ৫,৫৬,৮০০/- টাকা এবং ২য় অর্ধাংশ ২,৭৮৪/- টাকা মাসিক অবসর ভাতা প্রাপ্য। তবে, টেলিফোন বিল বাবদ ৫,৬৮৪/- টাকা, গৃহনির্মাণ অগ্রিমের সুদ বাবদ ২২,৮৪৩/৭৫ টাকা ও কম্পিউটার অগ্রিমের সুদাসল বাবদ ১৯,৪০৬/২৫ টাকা সর্বমোট = (৫,৬৮৪ + ২২,৮৪৩/৭৫ + ১৯,৪০৬/২৫) = ৪৭,৯৩৪/- (সাতচল্লিশ হাজার নয়শত চৌত্রিশ) টাকা তার নিকট সরকারের পাওনা রয়েছে, যা তার আনুতোষিক হতে কর্তনযোগ্য।

৩। এক্ষণে, তার পারিবারিক আনুতোষিক বাবদ (৫,৫৬,৮০০ - ৪৭,৯৩৪) = ৫,০৮,৮৬৬/- (পাঁচ লক্ষ আট হাজার আটশত ছেষটি) টাকা এবং ২য় অর্ধাংশ ২,৭৮৪/- (দুই হাজার সাতশত চুরাশি) টাকা হারে মাসিক অবসরভাতা প্রাপ্য।

৪। জনাব মোঃ সেরাজুল হক শিকদার ২৮-০৪-২০০৬ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন এবং মরহমের স্ত্রী মাজেদা বেগম স্বামীর মৃত্যুর পূর্বেই ২৮-০৭-২০০২ খ্রিঃ তারিখে ইন্তেকাল করেছেন। মরহমের ২ ছেলে ও ১ বিবাহিতা মেয়ের মধ্যে ছোট ছেলে জনাব মোঃ সোলায়মান (বান্ধী)-কে মরহমের যাবতীয় পাওনাদী উত্তোলনের ক্ষমতা অর্পণ করায় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা (আয়ন-ব্যয়ন কর্মকর্তা) মঞ্জুরীকৃত পারিবারিক আনুতোষিক উত্তোলনপূর্বক মরহমের মনোনীত উত্তরাধিকারীকে বিধি মোতাবেক বিতরণ করবেন।

৫। তার পরিবারের মনোনীত ব্যক্তির অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলঃ

১	পেনশন ফরম ২.২(ছবিসহ)	০১ (এক) প্রস্থ
২	না দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০১ (এক) পাতা
৩	ডিডিও নিয়োগের কপি	০১ (এক) পাতা
৪	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)	০১ (এক) পাতা
৫	ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়ন প্রত্যয়নপত্র (সংযোজনী-৭)	০১ (এক) পাতা
৬	মৃত্যুর সনদপত্র	০১ (এক) পাতা
৭	জাতীয় পরিচয়পত্র	০৩ (তিন) পাতা



অঃপঃদঃ/২


৮	চাকরি বিবরণী	০৪ (চার) পাতা
৯	শেষ বেতন প্রত্যয়নপত্র	০৪ (চার) পাতা
১০	চাকরিতে পুনর্বহালের কপি	০১ (এক) পাতা
১১	ভূতাপেক্ষভাবে অবসর প্রদানের কপি	০১ (এক) পাতা
১২	বিধিসম্মত পাওনা সংক্রান্ত আদেশের কপি	০১ (এক) পাতা
১৩	ইএলপিসি	০১ (এক) পাতা
১৪	নমুনা স্বাক্ষর ও হাতের পঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা

৬। পিপিও জারীপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হল।

৭। ভবিষ্যতে তার কাছে আরও কোন সরকারি পাওনার দাবী উত্থাপিত হলে তা পরিশোধ করতে তিনি বিধি মোতাবেক বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার একান্ত


(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)

ফোনঃ ৯৫৭০০৪০


asra@modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৫২.১৩-৪১/১(৭)

তারিখঃ ২৮-০১-২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
ইহা তার ১৫-১১-২০১৫ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.০৮০.১৩-১০৭৫ সংখ্যক পত্রের বরাতে।
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৩। উপসচিব (অডিট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
- ৭। জনাব মোঃ সোলায়মান বাব্বী, পিতা-মরহুম সেরাজুল হক সিকদার, প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা (৩৬৮/৬, পশ্চিম শেওড়াপড়া, মিরপুর, ঢাকা-১২১৬)।


(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।